

অভিনন্দন বন্দ্যোপাধ্যায়



A still from Béla Tarr's "Sátántangó."

১

মহাজাগতিক রোদে
পুড়ে যায় আগুন
নিভে আসে সভ্যতা
চাঁদ বনিকের ভেলা
তলিয়ে যায়
আকাশগঙ্গা

জলে

অগুর ভেতরে অণু
তার ভেতরে অণু
তার ভেতরে অণু
অগুর ভেতরে
অসংখ্য কোটি
ব্রহ্মাণ্ডের ডিম

বুদবুদ

তারপর আকোয়ারিয়ামের
পোষা চারাপোনা
ভাতে মেখে খেয়ে
অন্ধকার কালো জলে
স্বাধীনতা ভয় পেয়ে
চুপচাপ চরাচরে

বিলীন

২

সময়কে কখনও
কখন-দিয়ে মাপা যায় না
দর্শন মাপা যায়না চশমায়
অন্ধ দিয়ে মাপা যায় না
যাদু
কুণ্ডলিনী

মাপ-কে মাপা যায় না প্রশ্নে
জ্যোতি ছাড়াই চিহ্ন
শৈশব ছাড়াই বার্ষিক্য
উত্তরে শুধুই সিঁড়ি ওঠানামা
সাপ
সিঁড়িভাঙ্গা

তবু
বাঁচা অবিরাম
ক্লান্তি
তুষ আশ্রয়

বাঁচা
ক্লান্তি

ঘুম
চিরঘুম

আসলে পালানোর
কোনও জায়গা হয়না
কোনও জায়গা নেই
পালানোটাই জায়গা

[বেলা তারের সেটানট্যাঙ্গে। প্রায় সাড়ে সাত ঘণ্টার চলচ্চিত্র। বন্ধতার থেকে মুক্তির আঙ্গিক। সমান্তরালে ভাবিয়ে তোলা- মুক্তিও একপ্রকারের বন্ধতা। কিম্বা এক প্রকারের অপেক্ষা কেবল। ছবিটি নিজেই একটি স্বকীয় আধ্যাত্মিক প্রবাহ। দর্শন পেরিয়ে একপ্রকার আধ্যাত্মবাদের দিকে এই অলীক ইঙ্গিত- ছবির শরীরের আনাচে কানাচে।]



অভিনন্দন বন্দ্যোপাধ্যায় তরুণ এক চলচ্চিত্রকার, শিল্পী, লেখক যিনি নিরন্তর মেতে রয়েছেন নানা ধরনের প্রকল্পে, প্রযোজনায় - নানা ধরনের ছবি নির্মানকল্পে ব্রতী যেমন বিজ্ঞাপন, স্বল্পদৈর্ঘ্য, পূর্ণাঙ্গ ও তথ্যচিত্র; সঙ্গে গ্রাফিক শিল্প, বেতার প্রযোজনা, লেখালিপি, বইপ্রকাশ, ইত্যাদি। ঊঁর প্রথম পূর্ণদৈর্ঘ্যের চলচ্চিত্র 'মানিকবাবুর মেঘ' এ বছর মুক্তি পেতে চলেছে। 'মানিকবাবুর মেঘ' ইতিমধ্যেই জাতীয় ও আন্তর্জাতিক স্তরে সাড়া ফেলেছে। Best Asian Film Netpac পুরস্কারজয়ী। এস্তোনিয়ার তালিন, যুক্তরাষ্ট্রের স্যান্টা বারবারা, যুক্তরাজ্যের এডিনবরা, ইফফি, কেরালা ও কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব সহ অনেক উৎসবে পর্দা পাচ্ছে অভিনন্দনের প্রথম ছবি।